

## 💵 মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-৫৮ : কিছু লোক নিদিষ্ট কিছু ব্যক্তিকে ক্রুটিমুক্ত মনে করে এবং তাদের ব্যাপারে গোঁড়ামি করে। -আল্লাহ তা'আলা তাদেরকে হিদায়াত দান করুন-। তাদের ব্যাপারে আপনার নছীহত কী?

উত্তর : যে ব্যক্তির নিকটই হক থাকুক না কেন হকের অনুসরণ করা ওয়াজিব।[1] হক বিরোধী লোকের ইত্তিবা' (অনুসরণ) করা জায়েয নয়।[2]

ইমাম আহমাদ ইবনে হাম্বাল (রহ.) বলেন,

عجبت لقوم عرفوا الإسناد وصحته، يذهبون إلى رأي سفيان

''আমি ঐ লোকদেরকে দেখে আশ্চর্যান্বিত হই যারা সানাদ এবং সানাদের বিশুদ্ধতা সম্পর্কে জানার পরেও সুফইয়ানের রায়ের[3] অনুসরণ করে!

আল্লাহ তা'আলা বলেন,

অতএব যারা তার নির্দেশের বিরুদ্ধাচরণ করে তারা যেন তাদের ওপর বিপর্যয় নেমে আসা অথবা যন্ত্রণাদায়ক আযাব পৌঁছার ভয় করে। (সূরা আন নূর আয়াত নং ৬৩)

ইবনু আববাস (রা.) বলেন,

" তোমাদের উপর আকাশ থেকে কংকর বৃষ্টি বর্ষণ হওয়ার সম্ভাবনা রয়েছে। আমি বলছি, 'আল্লাহ তা'আলা বলেছেন' আর তোমরা বলছ, আবু বকর উমর (রা.) বলেছেন?[4]

যদি নাবীদের পরে সবচেয়ে উত্তম ব্যক্তিদেরকে দলীল ছাড়া ইত্তিবা' করার ক্ষেত্রে এরকম সতর্কবার্তা ও শাস্তির ঘোষণা আসে তাহলে কীভাবে ওদের আনুগত্য করা যেতে পারে যাদের ফাঁকা বুলি ছাড়া কোন ইলম-মর্যদা কিছুই নাই?

- [1]. ইমাম আওযাঈ (রহ.) বলেন,আমরা সুন্নাহর তালে ঘূর্ণীয়মান থাকব। (আল-লালকাঈ খ. ০১ পৃ. ৬৪ ক্রমিক ৪৭)।
- [2]. যাকারিয়া ইবনে ইয়াহইয়া ইবনে সবীহ বলেন, আমি আবু বকর ইবনে 'ঈয়াশ কে বলতে শুনেছি, তাকে জনৈক ব্যক্তি জিজ্ঞাসা করলো, হে আবু বাকার সুন্নী কে? তিনি প্রতুত্তরে বললেন, সুন্নী হলো তারা যাদের সামনে



তুমি প্রবৃত্তি বিষয়ে আলোচনা করলে তারা তা নিয়ে গোঁড়ামী করে না। (আল-লালকাঈ খ. ০১ পৃ.৬৫ ক্রমিক ৫৩)।

- [3]. ফাতহুল মাজীদ শরহে কিতাবুত তাওহীদ পৃ. ৩৮৬।
- [4]. শায়খুল ইসলাম মুহাম্মাদ ইবনে আব্দুল ওয়াহহাব (রহ.) তার কিতাবুত তাওহীদে 'বাবু মান আত্ব'আল উলামা ওয়াল উমারাহ ফি তাহরীমি মা আহাল্লাহ বা আল্লাহ কর্তৃক হালালকৃত বিষয়কে কোন আলিম বা শাসক নিষিদ্ধ করলে যে ব্যক্তি তাদের আনুগত্য করে তার সম্পর্কিত অধ্যায়ে উল্লেখ করেছেন। এ হাদীছটি মুসনাদে আহমাদে রয়েছে ০১/৩৩৭। ইমাম আহমাদ ইবনে হাম্বাল (রহ.) বলেন, ''আমি দেখতে পাচ্ছি তারা অচিরেই ধ্বংস হবে, আমি বলছি, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন। আর তারা বলছে, আবু বাকর, উমর (রা.) নিষেধ করেছে' আহমাদ শাকির (রহ.) এই বর্ণনাকে সহিহ বলেছেন। হাদীছ নং ৩১২১। ইমাম খতিব 'আল ফাকিহ ওয়াল মুতাফাক্কিহ' গ্রন্থের ১ম খণ্ড-র ১৪৫ নং পৃষ্ঠায় সংকলন করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13132

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন